



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউনিয়ন পরিষদ -১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর: ৪৬.০০.৭৬০০.০১৭.২৭.০০১.১৮- ৩২০

তারিখ-

০৯ চৈত্র ১৪২৭

২৩ মার্চ ২০২১ খ্রি.

বিষয়ঃ পাবনা জেলার বেড়া উপজেলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ ১৪১৭ হতে ১৪২১ বঙ্গাব্দ পর্যন্ত ঘাট
ইজারার অর্থে গৃহীত প্রকল্পের কাজ না করে সরকারি অর্থ আত্মসাতের অভিযোগ সংক্রান্ত।

সূত্রঃ জেলা প্রশাসক, পাবনা-এর কার্যালয়ের স্মারক নং-১৩০৮, তারিখঃ ২৪/১২/২০২০ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, পাবনা জেলার বেড়া উপজেলা মাসুমদিয়া ও রুপপুর
ইউনিয়ন পরিষদের প্রাক্তন চেয়ারম্যান জনাব মোঃ শহিদুল ইসলাম ও জনাব মোঃ নুরুল ইসলাম মোল্লার বিরুদ্ধে
অর্থ আত্মসাৎ-এর বিষয়ে যথাযথ প্রমাণকসহ প্রেরণ করা হয়নি। এছাড়া কোন প্রকল্পের বিপরীতে কত টাকা বরাদ্দ
ছিল, কত টাকা আত্মসাৎ করেছেন এবং এককভাবে কত টাকা উত্তোলন করেছিল তার সুনির্দিষ্ট প্রমাণক প্রেরণ করা
হয়নি।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়টি স্পষ্টীকরণ ও প্রমাণকসহ প্রতিবেদন পুনরায় প্রেরণের জন্য নির্দেশক্রমে
অনুরোধ করা হলো।

(মোঃ আবুজাফর রিপন)

উপসচিব

ফোন: ৯৫৮৬৬০৫

ই-মেইল: up1lgd@gmail.com

জেলা প্রশাসক

পাবনা

অনুলিপিঃ(সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের
অনুরোধসহ)।
৩. অতিরিক্ত সচিব (ইউপি)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অফিস কপি।